

# ফ্যাক্টশীট বা তথ্য সম্বলিত পাতা

## বিবেচনা-মূলক সোশ্যাল ফান্ড কি?

সোশ্যাল ফান্ড স্ক্রিম গ্রান্ট বা অনুদান এবং স্বদ বিহীন লোন বা ধার দিয়ে থাকে যাতে করে কম আয়ের লোকজন তাদের নিয়মিত আয় থেকে কষ্টসাধ্য খরচগুলি পূরণ করতে সক্ষম হয়।

- কম আয়ের লোকজন, আয়-ভিত্তিক জব সিকারস্ এলাউন্স পায় এমন লোকজন কিংবা স্টেট পেনশন্ ফ্রেডিট পায় এমন লোকজনদের কমিউনিটি কেয়ার গ্রান্টের জন্য বিবেচনা করা যেতে পারে।
- যেসব লোকজন ছাবিশ সপ্তাহের জন্য ইনকাম-সাপোর্ট (আয় সমর্থন) বা আয়- ভিত্তিক জব সিকারস্ এলাউন্স রয়েছে তারা বাজেটিং লোনের জন্য আবেদন করতে পারে।
- যেসব লোকজনের তাৎক্ষনিক স্বল্প-মেয়াদী ভিত্তিক চাহিদাগুলি পূরণ করার জন্য যথেষ্ট সম্পদ নাই তারা ক্রাইসিস্ লোনের জন্য আবেদন করতে পারে।

## ইন্ডিপেন্ডেন্ট রিভিউ সার্ভিস্ বা স্বাধীন পর্যালোচনা সেবার ভূমিকা কি?

ইন্ডিপেন্ডেন্ট রিভিউ সার্ভিস্ (আই আর এস) হল একটা স্বাধীন স্ট্যাটুটরি (আইনের মাধ্যমে প্রতিষ্ঠিত) সংস্থা যেটি বার্মিংহামে অবস্থিত। এটির ভূমিকা হল বিবেচনা-মূলক সোশ্যাল ফান্ডগুলির সিদ্ধান্তের উপরে স্বাধীন পর্যালোচনা চালিয়ে যাওয়া। সোশ্যাল ফান্ড ইন্সপেক্টর যিনি স্বাধীন পর্যালোচনা চালিয়ে যান তিনি ক্ষেত্রটির বিষয়ে সকল পরিস্থিতি বিবেচনা করে তার নিজস্ব সিদ্ধান্ত প্রদান করবেন।

## বাস্তব বিষয়াদি এবং সংখ্যা সম্পর্কে

আই আর এস:

- আমরা পর্যালোচনা করি এমন অর্ধেকেরও বেশী সোশ্যাল ফান্ড সিদ্ধান্ত পরিবর্তন করে থাকে।
- ১২ দিনের মধ্যে গতানুগতিক (রুটিন) সোশ্যাল ফান্ড কেস্গুলির উপরে সিদ্ধান্ত দিয়ে থাকে।
- ২৪ ঘন্টা কিংবা তারও কম সময়ের ভিতরে ক্রাইসিস্ লোনগুলির উপরে কাজ কারবার করে থাকে।

## কোথা থেকে বিস্তারিত জানা যাবে

আমাদের প্রকাশনাগুলি বিনামূল্যে পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইট [www.irs-review.org.uk](http://www.irs-review.org.uk) ভিজিট করে প্রকাশনাগুলি ডাউনলোড করতে পারেন এবং ইন্ডিপেন্ডেন্ট রিভিউ সার্ভিস্ সম্পর্কে আরও বিস্তারিত জানতে পারেন।

## আপনি কিভাবে আই আর এস এর সঙ্গে যোগাযোগ করবেন

টেলিফোনে ০১২১ ৬০৬ ২১৯১ নম্বরে, ফ্যাক্সের মাধ্যমে ০১২১ ৬০৬ ২২০১ নম্বরে

মিনিকমের মাধ্যমে ০১২১ ৬০৬ ২১৮৮ নম্বরে

ই-মেইলের মাধ্যমে: [aam@irs-review.org.uk](mailto:aam@irs-review.org.uk)

লিখিতভাবে: The Business Team

ঠিকানা: 4th Floor, Centre City Podium, 5 Hill Street, Birmingham B5 4UB